গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ মাদরাসা শিক্ষা প্রশিক্ষণ ইনস্টিটিউট (বিএমটিটিআই)
শিক্ষা মন্ত্রণালয়
বোর্ড বাজার, গাজীপুর

# হোস্টেলের আয়-ব্যয় নীতিমালা

ভূমিকাঃ বাংলাদেশ মাদরাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট (বিএমটিটিআই), বোর্ড বাজার, গাজীপুর দেশের মাদরাসা শিক্ষকদের একমাত্র প্রশিক্ষণ ইনস্টিটিউট। এখানে দেশের মাদরাসা শিক্ষকদের বিভিন্ন স্বল্প ও দীর্ঘমেয়াদী প্রশিক্ষণ কার্যক্রম অব্যাহত রয়েছে। অত্র প্রতিষ্ঠানে ৬৮ সিট বিশিষ্ট একটি মহিলা হোস্টেলসহ ২৬৪ জন প্রশিক্ষণার্থীর হোস্টেল সুবিধা বিদ্যমান। কিন্তু হোস্টেল পরিচালনা বাবদ রাজস্ব খাতে আলাদা কোন বরাদ্দ নেই। এমতাবস্থায় হোস্টেলের আয়ের উৎস হিসেবে প্রশিক্ষণার্থীদের নিকট থেকে মাথাপিছু প্রতিদিন ৩০ টাকা আদায় করার নীতি চালু আছে। অর্জিত অর্থ প্রতিষ্ঠানের প্রয়োজনে বিভিন্ন সময় বিভিন্ন খাতে খরচ করা হয়। কিন্তু এর সুনির্দিষ্ট নীতিমালা না থাকায় হোস্টেল পরিচালনা কাজে ব্যাঘাত ঘটছে। তাই বিএমটিটিআই-এর বিগত ২৬তম বিওজি সভার ৭নং সিদ্ধান্তের আলোকে হোস্টেলের আয়-ব্যয়ের নিম্নরূপ নীতিমালা ২৭তম বিওজির সভায় পেশ করা হয় এবং উক্ত সভার ১১ এর (ঞ) নং সিদ্ধান্তের আলোকে হোস্টেলের প্রস্তাবিত আয়-ব্যয় নীতিমালা অনুমোদন দেয়া হয়।

## (ক) আয়ের নীতিমালাঃ

নিম্নরূপ উৎস থেকে হোস্টেল খাতে অর্থ সংগ্রহ করা যাবেঃ

১। রাজস্ব খাতে চলমান প্রশিক্ষণ (স্বল্প মেয়াদী) কোর্সে অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থীদের নিকট থেকে মাথাপিছু দৈনিক ৫০ টাকা হারে সংস্থাপন চার্জ (সিট ভাড়া) নেয়া হবে।

২। কোন প্রকল্প থেকে কোন প্রশিক্ষণ কোর্স বিএমটিটিআই-এ পরিচালিত হলে সে প্রকল্পের বাজেট নীতিমালা অনুযায়ী বরাদ্দকৃত আবাসিক সংস্থাপন চার্জ (সিট ভাড়া) নেয়া হবে।

৩। মাদরাসা প্রধান/শিক্ষকদের মধ্যে বিএমটিটিআই-এ সাময়িক রাত্রি যাপনে আগ্রহীদের কাছ থেকে সিট খালি থাকা সাপেক্ষে প্রতিদিন প্রতি সিট ৫০ টাকা এবং প্রতিকক্ষ ১৫০ টাকা হারে ভাড়া গ্রহণ করা হবে।

৪। বিএমটিটিআই-এ প্রশিক্ষণ কোর্সের বিরতির দিনগুলোতে/ছুটির দিনে হোস্টেল ক্যাফেটরিয়া/হলরুম ভাড়া প্রদান করা যাবে। ক্যাফেটরিয়া/হলরুম ভাড়া প্রতিদিনের ভাড়া হবে ৫০০০/- টাকা।

৫। কোন সংস্থার নিকট হতে সরকারের পূর্ব অনুমোদন সাপেক্ষে অনুদান গ্রহণ করা যাবে।

৬। উপরে উল্লেখিত উৎস থেকে আয়কৃত সমুদয় অর্থ কোন তফসিলি ব্যাংকে হোস্টেল তহবিল নামে একটি যৌথ হিসাবে জমা করে নিম্ন-বর্ণিত নীতিমালার আলোকে ব্যয় করা হবে।

## (খ) ব্যয়ের নীতিমালাঃ

নিম্নবর্ণিত নীতিমালার ভিত্তিতে হোস্টেল খাতের অর্থ ব্যয় করা হবেঃ

১। হোস্টেলসহ বিএমটিটিআই-এর যাবতীয় ব্যবহার্য দ্রব্যাদি (চাদর, বালিশ, কভার, মশারী, কম্বল কভার, পর্দা ও ইনস্টিটিউটের পর্দা, তোয়ালে ইত্যাদি) নিয়মিত ধোলাই করা বাবদ ব্যয় করা হবে।

মুহাম্মদ নজরুল ইসলাম
উপ-সচিব (মাদ্রাসা)

মোহাম্মদ আতোয়ার রহমান
অতিঃ সচিব (কাবমা)

২। রাজস্ব বাজেটে বরাদ্দকৃত অর্থ দ্বারা ব্যবহারিক দ্রব্যাদির চাহিদা পূরণ না হলে প্রয়োজনীয় দ্রব্য সামগ্রী হোস্টেল তহবিল থেকে ক্রয় করা হবে।

৩। হোস্টেলের প্রয়োজনে আসবাবপত্র ক্রয়/মেরামত বাবদ ব্যয় করা যাবে।

৪। ক্রোকারিজসহ ডাইনিং সংক্রান্ত জিনিসপত্র ক্রয় করা যাবে।

৫। অত্র প্রতিষ্ঠানের প্রয়োজনে দৈনিক ভিত্তিতে/মাস্টাররোলে নিয়োজিত জনবলের বেতন-ভাতা পরিশোধ করা হবে।

৬। রাজস্ব বাজেটে ব্যয় সংকুলান না হলে ইন্টারনেট, ওয়েবসাইট, দৈনিক পত্রপত্রিকা, ডিস লাইন ইত্যাদি ভাড়া বাবদ ব্যয় হোস্টেল তহবিল থেকে পরিশোধ করা যাবে।

৭। প্রতিষ্ঠানের বিওজি সভার সভাপতিসহ সদস্যদের সম্মানী, অভ্যর্থনা ও আপ্যায়ন বিল পরিশোধ করা যাবে।

৮। রাজস্ব বাজেটে বিএমাটিটিআই-এর প্রয়োজনীয় কোন চাহিদা মেটানোর জন্য কোন নির্দিষ্ট খাত না থাকলে সরকারি নীতিমালা অনুযায়ী হোস্টেল তহবিল হতে ব্যয় করা যাবে।

৯। পরিষ্কার-পরিচ্ছন্নতা ও প্রতিষ্ঠান প্রাঙ্গন সৌন্দর্য বৃদ্ধিকল্পে (ফুল ও ফল বাগান, বৃক্ষ রোপন ইত্যাদি) সংশ্লিষ্ট খাতে এককালীন ২৫০০০/- (পঁচিশ হাজার) টাকা মাত্র ব্যয় করা যাবে।

১০। বিএমাটিটিআই-এর বিদ্যুৎ, পানি ও পয়ঃনিষ্কাশন সংক্রান্ত সংস্কার/মেরামত সংরক্ষণ খাতে ব্যয় করা হবে।

১১। হোস্টেলের প্রয়োজনে দৈনিক মজুর নিয়োগ বাবদ ব্যয় করা যাবে।

১২। রাজস্ব বাজেট দ্বারা প্রতিষ্ঠানের চলমান বিভিন্ন প্রশিক্ষণ কোর্সে ব্যয় নির্বাহ বাবদ অগ্রীম অর্থ হোস্টেল তহবিল থেকে সাময়িকভাবে অগ্রীম গ্রহণ করা যাবে, যা পরবর্তীতে সিও সংশ্লিষ্ট খাতে অর্থ বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে সমন্বয় করা হবে।

**বিঃদ্রঃ অবস্থাভেদে এ নীতিমালা বিওজি এর সিদ্ধান্ত সাপেক্ষে সংশোধনযোগ্য।**

(প্রফেসর মোঃ আবদুল মালেক)
অধ্যক্ষ
ও
সদস্য-সচিব
বিএমাটিটিআই বোর্ড অব গভর্ণরস

(ড. কামাল আবদুল নাসের চৌধুরী)
সচিব
শিক্ষা মন্ত্রণালয়
ও
সভাপতি
বিএমাটিটিআই বোর্ড অব গভর্ণরস

মুহাম্মদ মজিবুল ইসলাম
উপ-সচিব (মাদ্রাসা)

মোহাম্মদ আতোয়ার রহমান
অতিঃ সচিব (কারিগরি)